# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web: www.dinajpureducationboard.gov.bd, email : dinajpureducationboard@gmail.com

## বিজ্ঞপ্তি/নোটিশ

**বিষয় : ১২-০৯-২০২১ খ্রি. তারিখ হতে শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণিপাঠদান চালু হওয়ার পরিপ্রেক্ষিতে স্বাস্থ্যবিধি অনুসরণ সম্পর্কিত নির্দেশনা।**

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, দিনাজপুরের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, সকল নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণিপাঠদান শুরু হয়েছে। শ্রেণিপাঠদান শুরুর সাথে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

১। স্বাস্থ্যবিধি প্রতিপালন সংক্রান্ত সকল ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

২। শিক্ষা প্রতিষ্ঠানে প্রবেশের সময় সকল শিক্ষার্থীর শরীরের তাপমাত্রা পরিমাপ এবং কোন উপসর্গ আছে কি-না তা যাচাই করতে হবে।

৩। মাস্ক ব্যতীত কেউ শিক্ষা প্রতিষ্ঠানে প্রবেশ করতে পারবে না। মাস্ক পরিধান করার ফলে কম বয়সী শিক্ষার্থীদের কোন অসুবিধা হচ্ছে কি-না তা পর্যবেক্ষণ করতে হবে।

৪। সামাজিক দূরত্ব বজায় রেখে শিক্ষার্থীদের শ্রেণিকক্ষে বসার ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

৫। শিক্ষার্থীদের প্রতিদিন সাবান-পানি দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

৬। শিক্ষা প্রতিষ্ঠান পরিষ্কার-পরিচ্ছন্ন রেখে পর্যাপ্ত স্বাস্থ্যসম্মত ব্যবস্থা অব্যাহত রাখতে হবে।

৭। শিক্ষা প্রতিষ্ঠানে স্বাস্থ্যগত ও পাঠদান বিষয়ে কোনে অসুবিধা হচ্ছে কি-না তা প্রতিদিন পর্যবেক্ষণ করতে হবে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৮। শিক্ষা প্রতিষ্ঠানে কোন বহিরাগত লোক প্রবেশ করতে পারবে না।

৯। শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদের ওয়াশরুম এবং ছাত্রীদের চেঞ্জরুম পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।

১০। শিক্ষা প্রতিষ্ঠানে করোনা মনিটরিং কমিটি গঠন ও প্রতিদিনের তথ্য সংগ্রহ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১১। শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের টিকা গ্রহণ নিশ্চিত করতে হবে।

১৩/০৯/২০২১

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক ও চেয়ারম্যান (চলতি দায়িত্ব)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

**সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:**

১। পরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।

২। জেলা প্রশাসক, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।

৩। আঞ্চলিক উপপরিচালক, বিদ্যালয় ও পরিদর্শন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।

৪। জেলা শিক্ষা অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।

৫। উপজেলা নির্বাহী অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।

৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।

৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড, দিনাজপুর।

G:\Word DOC\FILE\1109.doc>>>1